# পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ

## মুর্শিদাবাদ জেলা শাখা

## বিজ্ঞান অভী(া ২০২৪

সময় ঃ ১ ঘ. ৪০ মি. **অষ্টম শ্রেণি** পূর্ণমান - ১০০

নাম / Name ........................................................................................................

### *OMR* উত্তরপত্র নির্ভুল ভাবে পূরণ করার নির্দেশিকা

১) এই শিট ঠিকভাবে পূরণ করা খুব দরকার। কারণ এটাই উত্তরপত্র। এটাই জমা নেওয়া হবে। প্রশ্নপত্র জমা নেওয়া হবে না। ছাত্রছাত্রীরা প্রশ্নপত্র বাড়ি নিয়ে যাবে। ক্লাসের ইনভিজিলেটরের কাছে ভালভাবে বুঝে নিয়ে শুরু করতে হবে। নচেৎ ভুল হতে পারে। OMR ভুল হলে নতুন OMR সরবরাহ করা হবে না। তাই খুব সতর্কতার সঙ্গে OMR পূরণ করতে হবে।

২) চার সংখ্যা বিশিষ্ট রেজিস্ট্রেশন কোড ও চার সংখ্যা বিশিষ্ট Number (নং) লেখা অভ্যাস করার জন্য পরীক্ষার আগে অ্যাডমিট কার্ডের সঙ্গে OMR এর নমুনা দেওয়া হয়েছে। মনে রাখতে হবে OMR মূল্যায়ণের সব কাজ কম্পিউটারের মাধ্যমে হবে, মানুষের দ্বারা নয়। **ভুল ক্লাস বা ভুল রোল নম্বর লিখলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।**

৩) অভীক্ষার্থী ও শিক্ষক / শিক্ষিকা সকলকে নজর রাখতে হবে এই শিটে কোন ভাঁজ বা কোন রকম দাগ না পড়ে।

৪) OMR পূরণের সময় কালো বা নীল বল পেন ব্যবহার করতে হবে। জেল পেন বা পেনসিলে নয়। হোয়াইটনার ব্যবহার করা যাবে না। সঠিক উত্তরের অপশানটির গোল ফাঁকা জায়গাটি পেন দিয়ে ভরাট করতে হবে, অন্য কোন রকম চিহ্ন (✓/ বা অন্য কিছু) দিলে হবে না। ভরাট করার সময় অতিরিক্ত চাপ দেবার দরকার নেই। কাগজ ফুটো হয়ে যেতে পারে।

৫) প্রতি প্রশ্নের উত্তর A,B,C,D এর মধ্যে মাত্র একটি ঠিক উত্তর হবে। ঠিক উত্তরের গোলাকার ফাঁকা জায়গাটি সম্পূর্ণ রূপে ভরাট করতে হবে। একাধিক গোল পূরণ করলে কোন নম্বর পাওয়া যাবে না। পূরণ করার আগে ভালভাবে ভাবতে হবে।

৬) প্রতি প্রশ্নের উত্তর করার সময় প্রশ্নপত্রের নম্বরের সঙ্গে OMR-এ প্রশ্নের নম্বরটি মিলিয়ে নিতে হবে। প্রশ্ন থাকবে 1,2,3 থেকে শুরু করে 50 পর্যন্ত।

৭) OMR শিটে পেন বা পেনসিলে রাফ কাজ করা যাবে না। আলাদা রাফ কাগজ দেওয়া হবে ঐ কাগজে রাফ করবে।

৮) OMR এ নাম রোল সহ অন্যান্য কাজ করার জন্য সময় ১২টা থেকে ১২টা ১০ মিনিট। পরীক্ষা শেষ হবে ১টা ৪০ মিনিটে।

৯) পরীক্ষার ঘরে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ওয়াচ প্রভৃতি কোনো ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

## বিজ্ঞান অভী(া ২০২৪

### GROUP - A

1. $\frac{1}{4}$ ও $\frac{1}{2}$ এর মধ্যে কতগুলি মূলদ সংখ্যা আছে?

A) 1 টি B) 2 টি C) একটিও না D) অসংখ্য।

2. কোন ভাগ অঙ্কে ভাজক ও ভাগফল সমান ও ভাগশেষ শূন্য হলে ভাজ্য হবে—

A) ভাজকের বর্গমূল B) ভাগফলের বর্গ

C) ভাজক + ভাগশেষ x ভাগফল D) ভাজক x ভাগফল x ভাগশেষ।

3. দুটি সংখ্যর অনুপাত 3:5 এবং তাদের ল.সা.গু 240 হয় তবে তাদের যোগফল কত?

A) 64 B) 128 C) 212 D) 232

4. A:B = 2:5 এবং B:C = 10:7 হলে A:B:C = ?

A) 2 : 5 : 7 B) 2 : 10 : 7 C) 4 : 10 : 7 D) 2 : 5 : 14

5. (x+3) (2x+1) + 4 সংখ্যামালাটিতে x এর সহগ কত?

A) 2 B) 6 C) 7 D) 1

6. $(x^3-8x^2+5x+1)$ থেকে কত বিয়োগ করলে বিয়োগফল (x–1) দ্বারা বিভাজ্য হবে?

A) –1 B) 1 C) –2 D) 2

7. $3^{6^{2^{0^{5^{9}}}}} \div 243$ এর মান কত?

A) 1 B) 2 C) 3 D) 9


8. মুদ্রা মূল্যের 4% হ্রাস হলে একই পরিমান কোন নির্দিষ্ট দ্রব্য ক্রয় করতে শতকরা যত টাকা বেশি লাগবে তা হল—

**VIII (২)**

A) 20 % B) $6\frac{1}{4}$ % C) $4\frac{1}{6}$ % D) 25 %

9. যদি x, y রাশি দুটির গ.সা.গু h এবং ল.সা.গু $l$ হয় এবং $h+l = x+y$ হলে, নিচের যেটি ঠিক সেটি হল—
A) $h + l = x - y$ B) $h^3 + l^3 = x^3 + y^3$ C) $h^3 - l^3 = x^3 - y^3$ D) $h^2 - l^2 = x^2 - y^2$


10.





উপরের রৈখিক চিত্রের বীজগাণিতিক সমীকরণটি—
A) $y = 3x$ B) $x = 3y$ C) $2x + 3y = 6$ D) $3x + 2y = 6$

11. সত্য বিবৃতি 'T' দ্বারা ও মিথ্যা বিবৃতি 'F' দ্বারা চিহ্নিত করা হয়েছে।
বিবৃতি - I : কুব্জ বহুভূজের অন্ততঃ একটি কোন প্রবৃদ্ধ হবে।
বিবৃতি - II : দুটি ট্রেন পরস্পরমুখী ধাবমান হলে ওদের আপেক্ষিক বেগ সর্বদা বৃদ্ধি পাবে।
বিবৃতি - III : 5 বর্গমিটার = 25 মিটার বর্গ।
A) TFT B) TTF C) TFF D) FTF

12. ABCD আয়তক্ষেত্রের $\overline{AB}$ এবং $\overline{BC}$ বাহুর মধ্যবিন্দু যথাক্রমে P ও Q । যদি ত্রিভুজ APQ এর ক্ষেত্রফল 1 বর্গসেমি হয় তবে ABCD আয়তক্ষেত্রের ক্ষেত্রফল হবে—
A) 2 বর্গসেমি B) 4 বর্গসেমি
C) 8 বর্গসেমি D) 16 বর্গসেমি।




13. পাশের চিত্র থেকে x এর মান নির্ণয় কর—
A) $30^0$ B) $60^0$
C) $150^0$ D) $110^0$




14. ${}^3H_1$ এবং ${}^4_2He$ পরমাণু দুটি পরস্পরের—
A) আইসোটোপ B) আইসোটোন C) আইসোবার D) আইসোমার।

15. তিনটি ভোল্টামিটারের প্রথমটিতে বিশুদ্ধ জল, দ্বিতীয়টিতে সামান্য HCl অ্যাসিড মিশ্রিত জল এবং তৃতীয়টিতে গ্লুকোজ মিশ্রিত জল নিয়ে তড়িৎপ্রবাহ চালনা করা হল। তোমার পর্যবেক্ষণ কোন্‌টি হবে?
A) প্রথম এবং দ্বিতীয়টিতে তড়িৎ বিশ্লেষণ হবে।
B) কেবল দ্বিতীয়টিতে তড়িৎ বিশ্লেষণ হবে এবং তড়িদ্বারে হাইড্রোজেন ও ক্লোরিন গ্যাস উৎপন্ন হবে।
C) কেবল দ্বিতীয়টিতে তড়িৎ বিশ্লেষণ ঘটবে এবং তড়িদ্বারে হাইড্রোজেন ও অক্সিজেন উৎপন্ন হবে।
D) কেবল তৃতীয়টিতে তড়িৎ বিশ্লেষণ ঘটবে এবং তড়িদ্বারে হাইড্রোজেন ও অক্সিজেন উৎপন্ন হবে।

16. আমি একটি কালো রং-এর পদার্থ। আমি অক্সিজেন প্রস্তুতির সময় বিক্রিয়াটিকে কম উষ্ণতায় এবং তাড়াতাড়ি করতে সাহায্য করি কিন্তু আমার ভরের কোন পরিবর্তন হয় না। আমি হলাম—
A) $MnO_2$ B) কোক C) $KClO_3$ D) গ্রাফাইট

17. একটি কাচের বোতলে খাবার সোডা ও ভিনিগার নিয়ে, বোতলের মুখে একটি বেলুনকে রবার ব্যান্ড দিয়ে আটকে দেওয়া হল। বেলুনটা বেশ কিছুটা ফুলে উঠলে, বোতল থেকে বেলুনটা খুলে মুখ শক্ত করে বেঁধে ছেড়ে দেওয়া হল। নীচের কোনটি সঠিক পর্যবেক্ষণ এবং সিদ্ধান্ত হবে, বাছাই কর—
A) বেলুনটি সোজা উপরে উঠে যাবে, কারণ বিক্রিয়ায় $CO_2$ গ্যাস উৎপন্ন হয়েছে যেটি বাতারে থেকে হালকা।
B) বেলুনটি নীচে পড়ে থাকবে, কারণ বিক্রিয়ায় $CO_2$ গ্যাস উৎপন্ন হয়েছে, সেটি বাতাসের থেকে ভারী।
C) বেলুনটি সোজা উপরে উঠে যাবে, কারণ বিক্রিয়ায় $H_2$ গ্যাস উৎপন্ন হয়েছে, সেটি বাতাসের চেয়ে হালকা।
D) বেলুনটি নীচে পড়ে থাকবে, কারণ বিক্রিয়ায় $SO_2$ গ্যাস উৎপন্ন হয়েছে যেটি বাতাতের চেয়ে ভারী।

**VIII (৩)**

18. সমতল দর্পণে গঠিত প্রতিবিম্বের বৈশিষ্ট্য হল—
A) অসদ্, দর্পণের পিছনে এবং বিবর্ধিত। B) অসদ্, দর্পণের পিছনে এবং বস্তুর আকারের সমান।
C) সদ্, দর্পণের উপরিতলে এবং বস্তুর আকারের সমান। D) সদ্, দর্পণের পিছনে এবং বস্তুর আকারের চেয়ে ছোট।

19. দুটি ফোলানো বেলুন নিয়ে সোয়েটারে ভালোভাবে ঘষো। এবার বেলুন দুটিকে সুতোর সাহায্যে পাশাপাশি ঝুলিয়ে দিলে তোমার পর্যবেক্ষণ এবং সিদ্ধান্ত কোনটি হবে?
A) বেলুন দুটি কাছাকাছি চলে আসবে। কারণ দুটি বেলুন বিপরীত তড়িৎ আধান সৃষ্টি হয়েছে।
B) বেলুন দুটি পরস্পরের থেকে দূরে সরে যাবে। কারণ দুটি বেলুনেই সম জাতীয় আধান সৃষ্টি হয়েছে।
C) বেলুন দুটি পরস্পর থেকে দূরে সরে যাবে, কারণ দুটি বেলুনে বিপরীত তড়িৎ আধান সৃষ্টি হয়েছে।
D) বেলুন দুটি স্থির থাকবে।

20. $O^0C$ উষ্ণতার একটি বরফ খন্ডে ছোট গর্ত করে ঐ গর্তটিকে $10^0C$ এর জল দ্বারা পূর্ণ করা হলে নীচের কোন্ ঘটনাটি ঘটবে?
A) সমস্ত জল বরফে পরিণত হবে এবং উষ্ণতত্রা হবে $O^0C$
B) সমস্ত বরফ গলে জল হয়ে যাবে এবং জলের উষ্ণতা হবে $10^0C$
C) সামান্য বরফ গলবে এবং গর্তের জলের উষ্ণতা হবে $O^0C$
D) সমস্ত জল জমে বরফ হবে এবং উষ্ণতা হবে $10^0C$


21. নীচের কোন তথ্যটি ঠিক নয়?
A) জৈব সার মাটির জল ধারণ ক্ষমতা বাড়ায়।
B) অজৈব সার মাটির জল ধারণ ক্ষমতা বাড়ায়।
C) জৈব সার মাটিতে বসবাসকারী উপকারী জীবাণুর সংখ্যা বাড়ায়।
D) অজৈব সার ব্যবহারের ফলে শস্য উৎপাদন বেড়েছিল।

22. জোড় কলম করার জন্য কোনটি উন্নত মানের হওয়া প্রয়োজন?
A) সিয়ন B) স্টক C) সিয়ন এবং স্টক D) কোনটিই নয়।

23. কমলের দাদুর রক্ত পরীক্ষায় রক্তে শর্করার মাত্রা স্বাভাবিকের থেকে বেশী ধরা পড়েছে। কমলের দাদুকে নিচের কোন খাদ্যাভ্যাসটি বন্ধ করা দরকার?
A) সকালে চিনি ছাড়া চা খাওয়া। B) অল্প ভাতের সঙ্গো প্রচুর সবজি খাওয়া।
C) চিনি যোগে চা খাওয়া। D) মাছ, মাংস, ডিম খাওয়া।


24. শূন্যস্থানে পূরণের জন্য উপযুক্ত শব্দটি নির্বাচন কর—
অক্টোপাশ ঃ আটটি বাহু ঃঃ __________ ঃ দশটি বাহু।
A) স্কুইড B) তারামাছ C) সার্ক D) লবস্টার।

25. ধানের বীজতলা প্রস্তুত করার জন্য সুস্থ ও পুষ্ট বীজ বাছাই করা প্রয়োজন। নীচের কোন্ পদ্ধতিতে এই বীজ বাছাই করা হয়?
A) ঘন নুন জলে বীজগুলোকে ডুবিয়ে নাড়ানো হলে যেগুলি ভেসে থাকবে সেই বীজ বীজতলার জন্য নির্বাচন করতে হবে।
B) ঘন নুন জলে বীজগুলোকে ডুবিয়ে নাড়ানো হলে যেগুলি জলে ডুবে যাবে সেগুলিকে বীজতলার জন্য নির্বাচন করতে হবে।
C) তুঁতে দ্রবণে ভাসমান বীজগুলিকে বীজতলার জন্য নির্বাচন করতে হবে।
D) জলে ডুবে যাওয়া বীজগুলিকে বীজতলার জন্য নির্বাচন করতে হবে।

26. 

পাশে মানুষের পৌষ্টিক তন্ত্রের আংশিক ছবি আছে। ছবিতে a, b ও c অঙ্গাগুলির নাম কী কী?
A) a = পাকস্থলী, b = অগ্ন্যাশয় c = পিত্তথলি
B) a = ক্ষুদ্রান্ত্র, b = পিত্তথলি c = অগ্ন্যাশয়
C) a = পাকস্থলী, b = পিত্তথলি, c = যকৃত
D) a = পাকস্থলী, b = পিত্তথলি, c = অগ্ন্যাশয়।

27. ? চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?




A) 47 B) 49 C) 48 D) 37

VIII (৪)

28. নীচের যে গ্রুপটি অন্যদের থেকে আলাদা, সেটি হল—
A) ABCD B) OPQR C) VWXY D) JKNM

29. মোহ স্কেলে হীরের সূচক 10 (দশ)। মোহস্কেল দ্বারা কী নির্দেশ করা হয়?
A) প্রবেশ্যতা B) সছিদ্রতা C) কাঠিন্য D) উজ্জ্বল্য।

30. সায়নের কাকা ক্যালিফোর্নিয়ায় থাকে। ওখানে —
i) আমাদের মতো গ্রীষ্মে বৃষ্টি হয় না, হয় শীত কালে।
ii) আমাদের মতো তীব্র গরমও থাকে না। সারা বছর মৃদুভাবাপন্ন আরামদায়ক জলবায়ু থাকে। স্থানটি কোন জলবায়ু অঞ্চলের অর্ন্তগত?
A) মৌসুমী জলবায়ু B) নিরক্ষীয় জলবায়ু C) ভুমধ্য সাগরীয় জলবায়ু D) তুন্দ্রা জলবায়ু।

## GROUP - B

31. চন্দ্রযান-৩ কত তারিখে চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করে?
A) 14 ই জুলাই, 2023 B) 5 ই আগস্ট, 2023 C) 23 শে আগস্ট, 2023 D) 23 শে জুলাই, 2023

32. R.G. Kar Medical কলেজটি কার নামে?
A) রামগোপাল কর B) রাধাগৌর কর C) রাধাগোপাল কর D) রাধাগোবিন্দ কর।

33. 'বাংলার কীটপতঙ্গ' বই কার লেখা?
A) শ্রীধর আচার্য B) বরাহমিহির C) আর্যভট্ট D) গোপালচন্দ্র ভট্টাচার্য্য।

34. বেশি বেশি করে গাছ লাগালে কী হবে?
A) বিশ্ব উষ্ণায়ন কমবে B) বায়ু মন্ডলে অক্সিজেনের পরিমাণ বাড়বে
C) পরিবেশে ভারসাম্য আসবে D) সবগুলি।

35. শূন্যস্থান পূরণ কর—
রোগ প্রতিরোধ ঃ ভিটামিন ঃঃ উষ্ণতা বৃদ্ধি ঃ __________
A) তাপ প্রয়োগ B) তাপ হ্রাস C) লবণ যোগ D) চিনি যোগ।

36. দেশে বিজ্ঞান প্রতিষ্ঠানগুলি গড়ে তোলার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভুমিকা পালন করেছেন—
A) নরেন্দ্র মোদী B) রাজীব গান্ধী C) হোমি জাহাঙ্গির ভাবা D) জওহরলাল নেহেরু।

37. বিশ্ব স্বাস্থ্য দিবস হল —
A) 7 ই এপ্রিল B) 5 ই জুন C) 22 শে মার্চ D) 20 শে আগস্ট।

38. নীচে উল্লিখিত বিজ্ঞানীদের মধ্যে একাধিক নোবেল পুরস্কার পেয়েছেন কোন বিজ্ঞানী—
A) পিয়ের কুরি B) লাইনাস পাউলিং C) স্টিফেন হকিং D) আইনস্টাইন।

39. বঙ্গভঙ্গের বিরুদ্ধে আন্দোলনে সামিল হয়েছিনে কোন মনীষী?
A) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর B) উইলিয়াম কেরী C) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী D) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।

40. কোন বিজ্ঞানী বলেছিলেন—
"Science can afford to wait but Swaraj cannot"
A) জগদীশচন্দ্র বসু B) মেঘনাদ সাহা C) শ্রীনিবাস রামানুজন D) প্রফুল্লচন্দ্র রায়।

## GROUP - C

41. তোমাদের কাজের দিদি তোমার মায়ের কাছ থেকে গরম খাবার পাতলা প্লাসটিকের ক্যারিব্যাগে করে বাড়ী নিয়ে যাচ্ছিলেন। তুমি তাকে বারণ করলে, কারণ—
A) ক্যারিব্যাগ থেকে ক্ষতিকর পদার্থ খাবারে ঢুকে শরীরের ক্ষতি করে।
B) পাতলা ক্যারিব্যাগ ব্যাগ ব্যবহার সরকার নিষিদ্ধ ঘোষনা করেছে।
C) A ঠিক কিন্তু B ভুল।
D) A ও B দুটোই ঠিক।

42. ঝড় বৃষ্টির দিনে মাঠে কাজ করার সময় অনেক কৃষক বাজ পড়ে মারা যান। কি করলে কৃষক বাজ পড়া থেকে বাঁচতে পারেন?
A) বড়, লম্বা গাছের নীচে গিয়ে দাঁড়াবেন। B) ফাঁকা মাঠের ভিতর দিয়ে তাড়াতাড়ি হেঁটে বাড়ীর দিকে যাবেন।
C) পাম্প ঘরের টিনের ছাউনির নীচে গিয়ে দাঁড়াবেন। D) মাথা নীচু করে কানে হাত চাপা দিয়ে উবু হয়ে বসবেন।

**VIII (৫)**

43. যদি আমাজন রেইন ফরেস্টের সব গাছ মরে যায়, তাহলে পৃথিবীর বাতাসে কি পরিবর্তন ঘটতে পারে?
A) বাতাসে কার্বনডাই অক্সাইডের পরিমাণ বেড়ে যাবে। B) বাতাসে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ কমে যাবে।
C) বাতাসে অক্সিজেনের পরিমাণ বাড়বে। D) বাতাসে কার্বন ডাই অক্সাইড বাড়বে, অক্সিজেন কমবে।

44. ভিটামিন ডি-র অভাবে একটি শিশুর হাড় দূর্বল হয়ে আছে। ওযুধ না খাইয়ে তাকে কিভাবে সুস্থ করা যাবে?
A) ক্যালসিয়াম বেশী আছে এমন খাবার যেমন ডিম, দুধ সঠিক পরিমাণে খাওয়াতে হবে।
B) মাথা ছায়ায় রেখে গায়ে রোদ লাগাতে হবে রোজ সকালে ১৫/২০ মিনিট।
C) A ও B দুটোই অনুসরণ করতে হবে।
D) A ও B কোনটাই অনুসরণ করা উচিত নয়।

45. একটি শহরে মাটির তলার জল ফুরিয়ে এসেছে, বেশীর ভাগ টিউবওয়েলে জল উঠছে না। কদিন পর বর্ষা নামবে। শহরবাসীর কি করা উচিত বলে তোমার মনে হয়—
ক) বাড়ীর ছাদে বৃষ্টির জল সংরক্ষণ করার ব্যবস্থা করা।
খ) শহরের মজে যাওয়া পুকুরগুলোর সংস্কার করা।
গ) প্রত্যকটি বাড়ীর, বহুতল আবাসনের ব্যবহার করা নোংরা জল মাটির তলায় পাঠানোর বা রিচার্জের ব্যবস্থা করা।
ঘ) শহরের যত ডোবা, পুকুর, নীচু জমি আছে সব ভরাট করে ফেলা।
A) ক, খ, গ B) খ, গ, ঘ C) গ, ঘ, খ D) ঘ, ক, খ।

46. আমাদের পেটের অসুখ অন্তত 50% কমে যাবে যদি আমরা
A) খবার খাওয়ার আগে সাবান দিয়ে হাত ধুয়ে নিই। B) খাওয়ার আগে হাত শুধু জামায় মুছে নিই।
C) বাজার থেকে আনা ফল না ধুয়ে খেয়ে নিই। D) ভালো করে ঢাকা না দেওয়া পাত্র থেকে খাবার খেয়ে নিই।

47. চারিদিকে ডেঙ্গু ম্যালেরিয়া হচ্ছে। এগুলো মশার কামড় থেকে ছড়ায়। মশা যাতে না কামড়ায় তার জন্য নীচের কোন পদ্ধতিটি নিরাপদ বলে তুমি বেছে নেবে?
A) মশা তাড়ানোর ধূপ - মশা তাড়ায় কিন্তু একটা কয়েল থেকে উৎপন্ন ধোঁয়া ১০০ সিগারেটের সমান ক্ষতিকর।
B) অলআউট/গুডনাইটের মতো লিকুইড ভেপোরাইজার — ধোঁয়া হয় না, মশাও চলে যায়, কিন্তু নানা রকম ক্ষতিকর গ্যাস নির্গত হয়।
C) মশা মারার স্প্রে - মশা মেরে ফেলে, কিন্তু স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর।
D) মশারি ব্যবহার করা, জানলায় মশার জাল বা নেট লাগানো, বাড়ী আসপাশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।

48. চিকেন পক্স হলে কোন ধরণের খাবার রুগীকে দেওয়া উচিত?
A) সম্পূর্ণ নিরামিষ খাবার রুগীর পক্ষে ভালো।
B) কম মসলাযুক্ত সহজ পাচ্য আমিষ খাবারই রুগীর জন্য ভালো।
C) আমিষ জাতীয় খাদ্য পক্সের রুগীর খাওয়া দূরে থাক ছোঁয়াও উচিত ।
D) আমিষ, নিরামিষ, দুটোই পরিমাণ মত রেখে সুষম খাদ্য দেওয়া উচিত।

49. তোমার বন্ধুর হলুদ রংয়ের প্রস্রাব হচ্ছে। চোখও হলুদ হয়ে গেছে। বেশ দূর্বল। তুমি তাকে কী পরামর্শ দেবে?
A) তোমার জন্ডিস হয়েছে। বাড়িতে খুব তেল মশলা দেওয়া রিচ খাবার খাও। বিশ্রাম নাও।
B) তোমার জন্ডিস হয়েছে। ন্যাবার মালা গুণিনের কাছ থেকে পরে এসো।
C) হালকা খাবার খাও। বিশ্রাম নাও। ডাক্তারের কাছে যাও।
D) ডাক্তারের কাছে যাওয়ার প্রয়োজন নেই গুণিনের কাছে যাও। কেউ জড়িবুটি খাইয়েছে। গুনিন সেই জড়িবুটি বার করে দেবে।

50. নীচের কোন কোন বিবৃতিটি ঠিক?
A) অন্ধবিশ্বাস ও কুসংস্কার দূর করতে গিয়ে নরেন্দ্র দাভোলকার খুন হয়েছেন।
B) নরেন্দ্র দাভোলকার রাজনীতি করার জন্য খুন হয়েছেন।
C) যাগযজ্ঞ করার জন্যই এবারে চন্দ্র-অভিযান সফল হয়েছে।
D) প্লাস্টিক সার্জারি করে গণেশের দেহের সঙ্গে হাতির মাথা জোড়া লাগানো সম্ভব হয়েছে।